

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 13-01-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Mahakumbha Mela :

মহাকুম্ভ উপলক্ষ্যে সেজে উঠেছে উত্তর প্রদেশের প্রয়াগরাজ। আজ পৌষ পূর্ণিমার প্রথম অমৃত স্নানের মধ্য দিয়ে প্রয়াগরাজের মহাকুম্ভ শুরু হয়েছে। লক্ষ লক্ষ ভক্ত, তীর্থযাত্রী এবং দর্শনার্থীরা মহাকুম্ভ উপলক্ষ্যে গতকালই প্রয়াগরাজে পা রেখেছেন। উত্তরের কনকনে হিমেল হাওয়া ও ঠাণ্ডার মধ্যেও প্রচুর ভক্ত প্রয়াগরাজের ত্রিবেণী সঙ্গমে পুণ্য স্নান শুরু করেন। ভক্তদের নিরাপত্তা নিশ্চিত করতে মহাকুম্ভ নগরের মন্দির ও মূল স্থানগুলিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। অনুষ্ঠানের জন্য সাতটি স্তরের বিশেষ নিরাপত্তা ব্যবস্থা রয়েছে। আন্ডার ওয়াটার ড্রোন এবং এআই-সক্ষম ক্যামেরা সহ উন্নত প্রযুক্তি ব্যবহার করেছে পুলিশ। প্রয়াগরাজ থেকে লক্ষ লক্ষ ভক্তের নিরাপদ যাতায়াত নিশ্চিত করতে তিন হাজার তিন শ'টি বিশেষ ট্রেন সহ ১০ হাজারেরও বেশি ট্রেন চালানোর ব্যবস্থা করেছে ভারতীয় রেল।

Assembly Session resume :

দুই দিন বিরতির পর আজ রাজ্য বিধানসভার শীত কালীন অধিবেশন পুনরায় শুরু হবে। সকাল ১১টা থেকে অধিবেশন শুরু হবে। গত শুক্রবার রাজ্যপালের ভাষনের মধ্যে দিয়ে অধিবেশন শুরু হয়।

AIR Agartala Seminar :

আকাশবাণী আগরতলা যুব প্রজন্ম এবং ছাত্রসমাজের বর্তমান সমস্যা ও চ্যালেঞ্জ নিয়ে একাধিক সেমিনার আয়োজন করতে চলেছে। আজ দুপুর ১২টায় প্রথম সেমিনার অনুষ্ঠিত হবে আগরতলার মহারাজা বীর বিক্রম কলেজে। সেমিনারের বিষয় "স্বামী বিবেকানন্দের বাণী ও আজকের যুবসমাজ"। প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকবেন বিবেকনগরস্থিত রামকৃষ্ণ মঠ ও মিশন অধ্যক্ষ স্বামী শুভকরানন্দ, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সায়ক মুখোপাধ্যায়। সেমিনারের মূল উদ্দেশ্য স্বামী বিবেকানন্দের চিন্তাধারার মাধ্যমে যুবসমাজের মধ্যে ইতিবাচক দৃষ্টিভঙ্গি ও অনুপ্রেরণা সৃষ্টি করা। আকাশবাণী আগরতলার এই উদ্যোগ যুবসমাজকে তাদের সমস্যাগুলো বুঝতে এবং সমাধানের উপায় খুঁজে পেতে সাহায্য করবে বলে আশা করা হচ্ছে। এই সেমিনার আগরতলার বিভিন্ন কলেজে পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে।

Police man of the year :

পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত পুলিশ সুপার রঞ্জাল ধ্রুব নাথ রাজ্য পুলিশের সেরা হিসাবে ২০২৪ সালের পুলিশম্যান অফ দি ইয়ার হিসাবে মনোনিত হয়েছেন। টিপিএস গ্রেড ওয়ান পদের এই পুলিশ অফিসারের হাতে আগামী ১৬ই জানুয়ারী আগরতলার মনোরঞ্জন স্মৃতি পুলিশ ময়দানে এক অনুষ্ঠানে পদক ও সার্টিফিকেট তুলে দেওয়া হবে।

Legal Awareness program :

দক্ষিণ জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে গতকাল জেলাইবাড়ির পশ্চিম পিলাক দ্বাদশ স্কুলে জাতীয় যুব দিবস উপলক্ষে এক আইনী সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে কিশোর বিচার আইন ও তরুণদের মৌলিক অধিকার রক্ষণাববৃত্তি সাংবিধানিক বিধান- এই দুই আইনী বিষয় সম্পর্কে স্কুলের ছাত্র-

ছাত্রীদের সম্যক ধারনা প্রদান করেন প্রবীণ আইনজীবী দিব্যেন্দু
সেন।

Children Festival :

উদয়পুর শিশু উদ্যানে সাংস্কৃতিক মঞ্চের উদ্যোগে গতকাল আট
দিনব্যাপী সপ্তম শিশু উৎসবের সূচনা করেন অর্থমন্ত্রী প্রণজিৎ
সিংহ রায়। তিনি বলেন, শিশুদের সুপ্তি প্রতিভা বিকাশে এই
উৎসবের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এই ধরনের উদ্যোগ সুষ্ঠ
সমাজ এবং সুন্দর ভবিষ্যৎ গড়ে তোলতে সাহায্য করে। অনুষ্ঠানে
গোমতী জেলা ছাড়াও দক্ষিণ ও সিপাহীজেলা জেলার প্রায় ১৬০০
ছাত্রছাত্রী বিভিন্ন বিভাগে আয়োজিত প্রতিযোগিতায় অংশগ্রহণ
করে।

Yuba Dibas-Udaipur :

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল উদয়পুর রাজৰ্ষি কলা ক্ষেত্রে
তথ্য ও সংস্কৃতি দপ্তর ও উদয়পুর পুর পরিষদের যৌথ উদ্যোগে
আয়োজিত স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন
করেন। উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়, পরিষদের
চেয়ারম্যান শীতলচন্দ্র মজুমদার।

Yuba Dibas-Khowai :

খোয়াই মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তর, খোয়াই পুর পরিষদ এবং
রামকৃষ্ণ আশ্রমের উদ্যোগে সুভাষ পার্ক এলাকায় জাতীয় যুব
দিবস পালন করা হয়। উপস্থিত ছিলেন বিবেক নগর রামকৃষ্ণ
আশ্রমের স্বামী সুশান্তা নন্দজি মহারাজ, খোয়াই পুর পরিষদের
চেয়ারপার্সন দেবাশীষ নাথ শর্মা প্রমুখ।

Jishnu Debbarma :

এদিকে, আগরতলার বিবেক উদ্যানে জাতীয় যুব দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে গতকাল সন্ধ্যায় উপস্থিত ছিলেন তেলেঙ্গানার রাজ্যপাল ঘীষু দেববর্মা। স্বামীজির প্রতি শ্রদ্ধা নিবেদন করে তিনি বলেন, স্বামী বিবেকানন্দ ছিলেন তারুণ্যের প্রতীক। স্বামীজির আদর্শে অনুপ্রাণিত হয়ে তরুন সমাজকে দেশসেবায় এগিয়ে আসার আহ্বান জানান তিনি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এমবিবি বিমানবন্দরের অধিকর্তা কে সি মিনা, বিবেকনগর রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী শুভ করানন্দ মহারাজ।

Arshiyा Das :

এবছরের ন্যাশনাল ইয়ুথ আইকন অ্যাওয়ার্ড পেল রাজ্যের আন্তর্জাতিক খুদে দাবাড় অর্শিয়া দাস। কেন্দ্রীয় জনজাতি কল্যাণ মন্ত্রী জুয়েল ওরাং এর উপস্থিতিতে গতকাল দিল্লিতে এই পুরস্কার প্রদান করা হয়। গোয়াতে একটি দাবা প্রতিযোগিতায় অংশ নেওয়ার ফলে এই পুরস্কার নিতে স্বশরীরে উপস্থিত থাকতে পারেনি অর্শিয়া। তার হয়ে সর্বভারতীয় দাবা ফেডারেশনের এক প্রতিনিধি এই পুরস্কার গ্রহণ করেন।

Health Camp-South :

জাতীয় যুব দিবস উপলক্ষ্যে গতকাল সাউথ ট্রিপুরা ইয়ুথ ফোরামের উদ্যোগে রাজনগর ব্লকের বাতিশা গ্রাম পঞ্চায়েতে এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরে দুই শতাধিক রোগীকে চিকিৎসা পরিষেবা প্রদান করে বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়।

Yuba Dibas-Aralia :

জাতীয় যুব দিবস ও বিবেক নলেজ একাডেমীর প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গতকাল রাজধানীর আড়ালিয়ায় এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। একাডেমীর ছাত্রছাত্রীরা সেখানে অংশ নেয়। অনুষ্ঠানে নেহরু যুব কেন্দ্রের অবসরপ্রাপ্ত রাজ্য অধিকর্তা জবা চক্রবর্তী, বিবেক নলেজ একাডেমীর পরিচালন কমিটির অন্যতম সদস্য সুব্রত বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন।

Pratyay Samajik Samstha :

উত্তর ঘোগেন্দ্রনগর প্রত্যয় সামাজিক সংস্থার উদ্যোগে গতকাল জাতীয় যুব দিবস উপলক্ষে সাংস্কৃতিক সন্ধ্যা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহিলা মহাবিদ্যালয়ের প্রাক্তন অধ্যক্ষা ডঃ গীতা দেবনাথ, ২৮ নং ওয়ার্ড কর্পোরেটর নন্দদুলাল দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন প্রতিযোগিতামূলক অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

Weather :

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ আঠাশ ডিগ্রী এবং সর্বনিম্ন চৌদ্দ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ১৩.৯ ডিগ্রী সেলসিয়াস।
